দৈনিক ইনকিলাব

NOV 25 2002

তারিখ ...................
পৃষ্ঠা ৮ কলাম ১

# বগুড়া জেলা ছাত্রদল কমিটি গঠিত ঃ ৭ জনকে বাহিষ্কার

**স্টাফ রিপোর্টার ঃ** গত ২৩ নভেম্বর শনিবার বগুড়া জেলা ছাত্রদলের সম্মেলনের দ্বিতীয় অধিবেশন অর্থাৎ কাউন্সিল অধিবেশনে কাউন্সিলের প্রত্যক্ষ ভোটের মাধ্যমে সহিদ-উল-নবী সালাম সভাপতি এবং শাহাবুল আলম পিপলু সাধারণ সম্পাদক নির্বাচিত হন। শৃংখলা ভঙ্গের দায়ে ৭ জনকে জেলা ছাত্রদল থেকে বহিষ্কার করা হয়েছে। ছাত্রদল আহবায়ক সাহাবউদ্দিন লাল্টু ও যুগ্ম আহবায়ক এ বি এম মোশাররফ হোসেন (ছাত্রদল কেন্দ্রীয় কমিটির সিদ্ধান্ত মোতাবেক) গতকাল এই কমিটি অনুমোদন করেছেন।

উল্লেখ্য, গতকাল বগুড়া জেলা সার্কিট হাউসে বিএনপির ছাত্র বিষয়ক সম্পাদক

৭-এর পৃঃ ২-এর কঃ দেখুন

করা হয়।

# বগুড়া জেলা ছাত্রদল

৮-এর পৃষ্ঠার পর

আমানউল্লাহ আমান, জাতীয় নির্বাহী কমিটির সদস্য খায়রুল কবীর খোকন এবং প্রতিদ্বন্দ্বী প্রার্থী এবং সমবেত কাউন্সিলরদের উপস্থিতিতে এবং সকলের সম্মুখে ছাত্রদলের কেন্দ্রীয় যুগ্ম আহবায়ক আজিজুল বারী হেলাল, কেন্দ্রীয় আহবায়ক কমিটির সদস্য ফরহাদ হোসেন আজাদ, আব্দুল কাদের ভুঁইয়া জুয়েল এবং মিজানুর রহমান খোকন ভোট গ্রহণ করেন ও সমবেত সকলের সামনেই তা গণনা এবং তাৎক্ষণিকভাবেই ফলাফল ঘোষণা করেন। সুতরাং এখানে ন্যূনতম কোন বিভ্রান্তি বা ভুল বোঝাবুঝির কোন অবকাশ নেই। সম্মেলনের যাবতীয় কর্মকাণ্ড নিয়ম অনুযায়ীই সম্পন্ন হয়েছে। সম্মেলন 'ভণ্ডুল বা পণ্ড' সংক্রান্ত সংবাদটিও ভিত্তিহীন এবং অনভিপ্রেত।

**বহিষ্কার**

সংগঠনের শৃঙ্খলা পরিপন্থি কর্মকাণ্ডে জড়িত থাকার অপরাধে ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির সিদ্ধান্ত মোতাবেক বগুড়া জেলা ছাত্রদল নেতা সাব্বির হোসেন বাবলু, মনিরুজ্জামান মনি, আলমগীর হোসেন, আফজাল হোসেন নাহিদ, জাকারিয়া শামীম, এ টি এম মামুন, জিতু ও ফাইনকে ছাত্রদল থেকে বহিষ্কার করা হয়েছে। একই সাথে তাঁদের প্রাথমিক সদস্য পদও বাতিল করা হয়েছে। ছাত্রদল আহবায়ক সাহাবউদ্দিন লাল্টু ও যগ্ম আহবায়ক এ বি